

কৃতী ছাত্রছাত্রীদের সংবর্ধনা
অসাম্প্রদায়িক চেতনায়
গড়ে তুলতে হবে
নতুন প্রজন্মকে
—মুহম্মদ জাফর ইকবাল

বিশিষ্ট লেখক, শিক্ষাবিদ ও গবেষক সিলেট শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. মুহম্মদ জাফর ইকবাল ইতিহাস বিকৃতি, সম্ভ্রাস, যাদুকাসক্তি রোধ করে নতুন প্রজন্মকে মুক্তিযুদ্ধের চেতনায় অসাম্প্রদায়িক ও দেশ জাতির যোগ্য করে গড়ে তোলার আহ্বান জানিয়েছেন। তিনি গতকাল বৃহস্পতিবার ভৈরব জিয়ার রহমান পৌর মিলনায়তনে কৃতী ছাত্রছাত্রীদের এক সংবর্ধনা অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য দানকালে এ আহ্বান জানান। অনুষ্ঠানে ভৈরব কাকলি খেলাঘর আসর ভৈরব, ফুলিয়ারচর, বাজিতপুর, অষ্টগ্রাম ও নিকলী এ পাঁচ উপজেলার ২০০২ সালের এসএসসি এবং ২০০১ সালের জুনিয়র প্রাথমিক বৃত্তি পরীক্ষায় কৃতিত্ব অর্জনকারী দেড় শতাধিক মেধাবী ছাত্রছাত্রীকে সংবর্ধনা প্রদান করে।

আসরের সভাপতি ও রফিকুল ইসলাম মহিলা কলেজ অধ্যক্ষ শরীফ আহমেদের সভাপতিত্বে সংবর্ধনা অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন ঐতিহাসিক আগরতলা মামলার বীর নায়ক, মুক্তিযোদ্ধা ও লেখক কমান্ডার (অব.) আবদুর রউফ, ভৈরব পৌরসভার চেয়ারম্যান এডভোকেট ফখরুল আলম আক্তাছ, উপজেলা নির্বাহী কর্মকর্তা প্রিয়তোষ সাহা এবং খেলাঘর কেন্দ্রীয় কমিটির সহসাধারণ সম্পাদক আব্দুল মতিন জুইয়া। অন্যদের মধ্যে আলোচনায় অংশ নেন খেলাঘর জাতীয় পরিষদ সদস্য সাবোদিক অশোকেশ রায়, হাজি আসমত কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ আব্দুল বহেত, উপজেলা সহকারী কমিশনার (জমি) শাহনেওয়াজ দিলরুবা খান, ভৈরব কাকলি কচিফাচার মেলার সংগঠক অধ্যাপক আতাউর রহমান, নবীনগর-এর সিনিয়র সহকারী জজ ও কাকলী খেলাঘর আসরের সাবেক সাধারণ সম্পাদক হেলালউদ্দিন, ভৈরব আনোয়ারা জেনারেল হাসপাতালের ম্যানেজিং ডিরেক্টর ডা. হাজিহুল হক স্বপন এবং আসরের সাধারণ সম্পাদক সত্যজিৎ দাস প্রভৃতি।

অনুষ্ঠানে সংবর্ধিতদের অভিনন্দন জানান, আসরের ছোটমণি সিক্তন। সংবর্ধিতদের পক্ষে এসএসসি পরীক্ষায় মানবিক বিভাগে সম্মিলিত মেধা তালিকায় দশম ও মেয়েদের মধ্যে ৬ষ্ঠ মনিরা ইয়াসমিন আবি এবং জুনিয়র বৃত্তিপ্রাপ্ত প্রফিকুন্নাহার শিমন অনুভূতি ব্যক্ত করে। প্রথম পর্বে আসরের ভাইবোনেরা মনোজ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করে। বিজ্ঞাপি।